

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৭, ২০২৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
বন্দর ভবন, চট্টগ্রাম।

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৩ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-২৯০-আইন/২০২৪।—চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ (২০২২ সনের ৮ নং আইন) এর ৫৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্মচারী (অবসরভাতা, অবসরজনিত সুবিধাদি ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা নিম্নবর্ণিত কর্মচারী ব্যতীত, কর্তৃপক্ষের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:—

- প্রেমণে নিয়োজিত কর্মচারী;
- সম্পূর্ণ অস্থায়ী, খণ্ডকালীন, দৈনিক বা চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারী; এবং
- এই প্রবিধানমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী সকল কর্মচারী, যাহারা এই প্রবিধানমালার প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (২) এর অধীন অবসরভাতা, অবসরজনিত সুবিধাদি ও সাধারণ ভবিষ্য তহবিল এবং আনুতোষিকের সুবিধা পাইবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট ইচ্ছা প্রকাশ করেন নাই।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(২৮০৫১)
মূল্য : টাকা ৪৮.০০

২। সংজ্ঞা।—বিষয়ে অথবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) “অবসরভাতা তহবিল” অর্থ প্রবিধান ৩ এর অধীন গঠিত ‘চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কর্মচারী অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল;
- (খ) “অবসর-উত্তর ছুটি” অর্থ প্রবিধান ১২ তে উল্লিখিত ছুটি;
- (গ) “অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল” অর্থ কর্মচারীগণের মাসিক বেতন হইতে প্রদত্ত নিয়মিত মাসিক চাঁদা, তদনুকূলে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্ধারিত চাঁদা এবং উভয় চাঁদার অর্থের সুদ সমন্বয়ে গঠিত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল;
- (ঘ) “আইন” অর্থ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ (২০২২ সনের ৮ নং আইন);
- (ঙ) “আনুতোষিক ও আনুতোষিক হার” অর্থ, যথাক্রমে, প্রবিধান ১৫ ও ১৬ এ বর্ণিত পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এর অধীন প্রদেয় আনুতোষিক ও আনুতোষিক হার;
- (চ) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;
- (ছ) “কর্মচারী” অর্থ কর্তৃপক্ষের রাজস্বখাতে পূর্ণকালীন ও স্থায়ী পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত কোনো কর্মচারী ও কর্মকর্তা;
- (জ) “কর্তৃপক্ষ” অর্থ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;
- (ঝ) “গণনাযোগ্য চাকরি” অর্থ প্রবিধান ১৩ তে বর্ণিত গণনাযোগ্য চাকরি;
- (ঞ) “চেয়ারম্যান” অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত চেয়ারম্যান;
- (ট) “ট্রাস্টি বোর্ড” অর্থ প্রবিধান ৬ এর অধীন গঠিত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল ব্যবস্থাপনা ট্রাস্টি বোর্ড;
- (ঠ) “তফসিল” অর্থ এই প্রবিধানমালার কোনো তফসিল;
- (ড) “তহবিল” অর্থ প্রবিধান ৩ ও ৩১ এর অধীন গঠিত, যথাক্রমে, কর্তৃপক্ষের কর্মচারী অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল এবং কর্তৃপক্ষের কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল;
- (ঢ) “পরিবার” অর্থ—

(অ) কর্মচারী পুরুষ হইলে, তাহার স্ত্রী বা স্ত্রীগণ, তাহার সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ;

তবে শর্ত থাকে যে, যদি কোনো কর্মচারী প্রমাণ করিতে সক্ষম হন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন অথবা তাহার স্ত্রী প্রথাভিত্তিক আইন অনুসারে খোরপোষ লাভের অধিকারী নহেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না; এবং

(আ) কর্মচারী মহিলা হইলে, তাহার স্বামী এবং সন্তান-সন্ততিগণ ও তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ অথবা উক্ত স্ত্রী বা সন্তান সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণ:

তবে শর্ত থাকে যে, কোনো মহিলা কর্মচারী তাহার স্বামীকে এই প্রবিধানমালার কোনো সুবিধাদি পাইবার ক্ষেত্রে তাহার পরিবারভুক্ত না করিবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না;

- (গ) “ফরম” অর্থ এই প্রবিধানমালার কোনো ফরম;
- (ত) “সদস্য” অর্থ ট্রাস্টি বোর্ডের কোনো সদস্য;
- (থ) “সভাপতি” অর্থ ট্রাস্টি বোর্ড এর সভাপতি;
- (দ) “সাধারণ ভবিষ্য তহবিল” অর্থ প্রবিধান ৩১ এর অধীন গঠিত কর্তৃপক্ষের কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল।

৩। **অবসরভাতা তহবিল।**—নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে, ‘চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কর্মচারী অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল’ নামে একটি তহবিল গঠিত হইবে, যথা:—

- (ক) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে কর্মচারীর হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত মুনাফা এবং কর্মচারীর আনুতোমিক তহবিলে সঞ্চিত অর্থ ও অর্জিত মুনাফা তহবিলে জমা হইবে;
- (খ) কর্তৃপক্ষ কর্তৃক, সময় সময়, সাধারণ ভবিষ্য তহবিল এবং পেনশন ব্যয় সংক্রান্ত ভর্তুকি হিসাবে প্রদত্ত এককালীন মঞ্জুরি বা অনুদান;
- (গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং
- (ঘ) অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

৪। **তহবিলের অর্থ জমা, বিনিয়োগ, ইত্যাদি।**—ট্রাস্টি বোর্ড, কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, তহবিলের অর্থ এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে এবং এতদুদ্দেশ্যে তহবিলের সম্পূর্ণ বা আংশিক অর্থ কোনো তফসিলি ব্যাংকে স্থায়ী আমানতে বা সঞ্চয়ী হিসাবে রাখিতে পারিবে বা কোনো লাভজনক সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, ট্রাস্টি বোর্ড, কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, প্রতি বৎসর এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোনো রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে একটি চলতি হিসাবে জমা রাখিতে পারিবে।

ব্যাখ্যা:—“তফসিলি ব্যাংক” বলিতে Bangladesh Bank Order, 1972 (President’s Order No. 127 of 1972) এর Article 2(j) তে সংজ্ঞায়িত ‘Scheduled Bank’ কে বুঝাইবে।

৫। **তহবিলের অর্থ ব্যয় ও হিসাব নিরীক্ষা।**—(১) তহবিলের অর্থ অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রদানের উদ্দেশ্যে ব্যয় করা হইবে।

(২) তহবিলের আয় ও ব্যয়ের বিবরণ কর্তৃপক্ষের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ এবং বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হইবে।

(৩) প্রতি আর্থিক বৎসরান্তে তহবিলের আয় ও ব্যয় এবং উদ্বৃত্তপত্র স্বতন্ত্র বহিঃ নিরীক্ষা ফার্ম দ্বারা নিরীক্ষিত হইবে।

৬। **ট্রাস্টি বোর্ড।**—(১) কর্তৃপক্ষের, তহবিলের ব্যবস্থাপনা, সংরক্ষণ, নিয়ন্ত্রণ ও বিনিয়োগের উদ্দেশ্যে, নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল ব্যবস্থাপনা ট্রাস্টি বোর্ড নামে একটি বোর্ড থাকিবে, যথা:—

- (ক) সদস্য (অর্থ), পদাধিকারবলে, যিনি ইহার সভাপতি এবং তহবিলের আয়ন ও ব্যয়ন কর্মকর্তাও হইবেন;
- (খ) সদস্য, পরিচালক (প্রশাসন), পদাধিকারবলে;
- (গ) সদস্য, প্রধান অর্থ ও হিসাবরক্ষণ কর্মকর্তা, পদাধিকারবলে;
- (ঘ) সদস্য, চীফ পারসোনেল অফিসার, পদাধিকারবলে; এবং
- (ঙ) হিসাবরক্ষণ কর্মকর্তা বা পেনশন ও কল্যাণ কর্মকর্তা, পদাধিকারবলে, যিনি ইহার সদস্য-সচিব এবং তহবিলের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা এবং কল্যাণ কর্মকর্তাও হইবেন।

(২) ট্রাস্টি বোর্ড উহার কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনকল্পে উহার এক বা একাধিক সদস্য সমন্বয়ে এক বা একাধিক কমিটি বা উপ-কমিটি গঠন করিতে পারিবে।

(৩) ট্রাস্টি বোর্ডে দায়িত্ব পালনের জন্য উহার কোনো সদস্য কোনো বেতন, ভাতা বা পারিতোষিক প্রাপ্য হইবেন না।

৭। **ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি।**—ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) এই প্রবিধানমালার বিধান অনুসারে তহবিলের অর্থের যথাযথ ব্যবহার ও উহার রক্ষণাবেক্ষণ;
- (খ) তহবিলের স্থিতি এবং দায় পরীক্ষা করিয়া কোনোরূপ ঘাটতির সম্ভাবনা পরিলক্ষিত হইলে প্রবিধান ৩ এর দফা (খ) এর আওতায় ঘাটতি পূরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) প্রবিধান ৪ এর বিধান অনুযায়ী তহবিলের অর্থ বিনিয়োগ এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (ঘ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ;
- (ঙ) প্রতি আর্থিক বছর সমাপ্তির পরবর্তী মাসে তহবিলের আয়, ব্যয়, বিনিয়োগ ও অন্যান্য বিষয় সম্পর্কে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন উপস্থাপন; এবং
- (চ) উপরি-বর্ণিত কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৮। **ট্রাস্টি বোর্ডের সভা।**—(১) এই প্রবিধানমালার বিধানাবলি সাপেক্ষে, ট্রাস্টি বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে ট্রাস্টি বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি ৩ (তিন) মাসে ট্রাস্টি বোর্ডের অন্তত একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) সভাপতি ট্রাস্টি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে মনোনীত কোনো সদস্য ট্রাস্টি বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) সভার কোরামের জন্য উহার মোট সদস্য-সংখ্যার অন্যান দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতি ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৯। **আয়ন ও ব্যয়ন কর্মকর্তা ও তাহাদের কার্যাবলি।**—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষের সদস্য (অর্থ) এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণ নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবেন, যথা:—

- (ক) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ;
- (খ) এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি এবং সাধারণ ভবিষ্য তহবিল উপযুক্ত কর্তৃপক্ষের আদেশ অনুসারে, যথাশীঘ্র, পরিশোধ; এবং
- (গ) ট্রাস্টি বোর্ডের নির্দেশ, যদি থাকে, অনুসারে তহবিল, ব্যাংক হিসাব ও বিনিয়োগ পরিচালনা।

(৩) আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণের যৌথ স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

১০। **কল্যাণ কর্মকর্তা ও তাহার কার্যাবলি।**—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (১) এর দফা (ঙ) তে বর্ণিত ট্রাস্টি বোর্ডের সদস্য কল্যাণ কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) কল্যাণ কর্মকর্তা পেনশন এবং সাধারণ ভবিষ্য সংক্রান্ত বিষয়াদি নিষ্পত্তিতে পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের সহিত সমন্বয়ক হিসাবে কাজ করিবেন।

(৩) অর্থ বিভাগের ২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৩.১৬.১৪১ নং পরিপত্রে উল্লিখিত কল্যাণ কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্যসমূহ বা নির্দেশনা কল্যাণ কর্মকর্তার জন্য প্রযোজ্য হইবে।

১১। **কতিপয় কর্মচারীর ক্ষেত্রে অবসরভাতা, অবসরজনিত সুবিধা এবং সাধারণ ভবিষ্য তহবিল সুবিধা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল এবং আনুতোষিকের সুবিধাদি পাইবার ইচ্ছা প্রকাশ করিবেন কিনা সেই বিষয়টি, অফিস আদেশের মাধ্যমে কর্মচারীগণকে অবহিত করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অফিস আদেশ জারির ৩ (তিন) মাসের মধ্যে কোনো কর্মচারী এই বিধানের অধীন প্রদেয় অবসরভাতা, অবসরজনিত সুবিধাদি ও সাধারণ ভবিষ্য তহবিল এবং আনুতোষিকের সুবিধাদি পাইবার ইচ্ছা প্রকাশ করিয়া লিখিতভাবে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(৩) এই প্রবিধানমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে চাকরিরত কোনো কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিতে থাকিলে, তিনি এই প্রবিধানমালার অধীন উক্ত তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালার অধীন বা ইহার পূর্বে কোনো অবসরপ্রাপ্ত কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল এবং প্রচলিত আনুতোষিক গ্রহণ করিয়া থাকিলে তিনি উপ-প্রবিধান (২) এর অধীন ইচ্ছা প্রকাশ করিবার অধিকারী হইবেন না।

(৪) উপ-প্রবিধান (২) এর অধীন কোনো কর্মচারী অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধাদি পাইবার ইচ্ছা প্রকাশ না করিলে, তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিবেন বলিয়া গণ্য হইবে এবং সেই ক্ষেত্রে তিনি এই প্রবিধানমালার অধীন অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধাদি পাইবার অধিকারী হইবেন না।

(৫) কোনো কর্মচারী উপ-প্রবিধান (২) এর অধীন অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্য হইবার ইচ্ছা প্রকাশ করিলে,—

- (ক) উক্ত কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বন্ধ করিয়া সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবেন;
- (খ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারীর হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত লাভ এবং উক্ত কর্মচারীর আনুতোষিক তহবিলে সঞ্চিত অর্থ ও অর্জিত লাভ তহবিলে জমা হইবে;
- (গ) উক্ত কর্মচারীর চাকরিকালকে অবসরভাতা ও অবসরজনিত সুবিধা প্রাপ্তির উদ্দেশ্যে সংশ্লিষ্ট বিধানাবলি সাপেক্ষে, পেনশনের জন্য গণনাযোগ্য চাকরিকাল হিসাবে গণনা করা হইবে; এবং
- (ঘ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত মুনাফা সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে।

১২। **অবসর-উত্তর ছুটি।**—(১) কোনো কর্মচারী, ছুটি পাওনা সাপেক্ষে, অবসর গ্রহণের তারিখ হইতে সর্বোচ্চ ১ (এক) বৎসর পর্যন্ত অবসর-উত্তর ছুটি প্রাপ্য হইবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য ছুটি শেষ হইবার তারিখ হইতে কর্মচারীগণের চূড়ান্ত অবসর গ্রহণ কার্যকর হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো কর্মচারী ইচ্ছা করিলে, অবসর-উত্তর ছুটি ভোগ ব্যতিরেকেও অবসর গ্রহণ করিতে পারিবেন।

১৩। **গণনাযোগ্য চাকরিকাল।**—(১) এই প্রবিধানমালার বিধানাবলি সাপেক্ষে, কোনো কর্মচারীর গণনাযোগ্য চাকরিকাল বলিতে কর্তৃপক্ষের কোনো পূর্ণকালীন ও স্থায়ী পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত হইয়া চাকরিতে যোগদানের তারিখ হইতে অবসর বা তাহাকে কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান বা চাকরি হইতে বরখাস্ত বা অপসারণ বা পদ বিলুপ্তি বা মৃত্যুর কারণে চাকরি অবসান হইবার তারিখ পর্যন্ত সময়কাল।

(২) গণনাযোগ্য চাকরি হিসাবের ক্ষেত্রে কেবল সমাপ্ত পূর্ণ বৎসরকে গণনা করা হইবে এবং বৎসরের ভগ্নাংশকে বর্জন করা হইবে।

(৩) কোনো কর্মচারীর বিনা বেতনে ছুটিকাল গণনাযোগ্য চাকরিকাল হিসাবে গণ্য করা হইবে না।

(৪) কোনো কর্মচারীর বয়স ১৮ (আঠারো) বৎসর পূর্ণ হইবার পূর্বের চাকরিকাল গণনাযোগ্য চাকরি হিসাবে গণ্য হইবে না।

(৫) কর্তৃপক্ষের চাকরিতে যোগদানের পূর্বে কোনো কর্মচারী কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানে অব্যাহতভাবে চাকরি (Continuous Service) করিয়া থাকিলে, কর্তৃপক্ষের অনুমতিক্রমে, উক্ত চাকরিকালকে কর্তৃপক্ষের চাকরিকালীন সময়ের সহিত যুক্ত করিয়া গণনাযোগ্য চাকরিকাল গণনা করা যাইবে।

(৬) উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে, কোনো কর্মচারী দেশে বা বিদেশে কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, রাষ্ট্রায়ত্ত্ব বা বেসরকারি প্রতিষ্ঠানে প্রেষণে, লিয়েনে বা অন্য কোনোভাবে কর্মরত থাকিলে এবং উক্তরূপ প্রতিষ্ঠান হইতে অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদির অর্থ আদায় করিয়া কর্তৃপক্ষের নিকট সমর্পণ না করিলে উক্তরূপ প্রতিষ্ঠানের চাকরিকালীন সময়কে গণনাযোগ্য চাকরিকাল হিসাবে গণ্য করা হইবে না।

(৭) অর্থ বিভাগের ২ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং- ০৭.০০.০০০০.১৭১. ১৩.০০৬.১৩-২২, অনুযায়ী অবসর-উত্তর ছুটিকালকে পেনশনযোগ্য চাকরিকাল হিসাবে গণনা করা যাইবে না।

১৪। গণনাযোগ্য চাকরিতে ঘাটতি প্রমার্জন।—(১) অবসর ভাতা বা অবসরজনিত সুবিধাদি মঞ্জুরির ক্ষেত্রে কোনো কর্মচারীর প্রয়োজনীয় গণনাযোগ্য চাকরিতে ঘাটতি থাকিলে—

- (ক) ৬ (ছয়) মাস বা তদপেক্ষা কম সময়ের ঘাটতি মওকুফ করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে;
- (খ) ৬ (ছয়) মাসের বেশী, তবে ১ (এক) বৎসরের বেশী নহে এইরূপ ঘাটতি, সরকারের অনুমতি সাপেক্ষে, কর্তৃপক্ষ কর্তৃক, প্রমার্জন করা যাইবে, যদি তিনি—
 - (অ) চাকরিতে থাকাকালে মৃত্যুবরণ করেন; অথবা
 - (আ) তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কোনো কারণে, (যেমন পঞ্জুত বা পদ বিলুপ্তি, ইত্যাদি) অবসর গ্রহণ করিয়া থাকেন, তবে উক্ত নিয়ন্ত্রণ বহির্ভূত ঘটনা না ঘটিলে তিনি কমপক্ষে আরও ১ (এক) বৎসর গণনাযোগ্য চাকরি করিতে পারিতেন; এবং
 - (ই) সন্তোষজনকভাবে চাকরি করিয়া থাকেন।

(২) গণনাযোগ্য চাকরিতে ১ (এক) বৎসরের বেশী সময়ের ঘাটতি কোনো অবস্থাতেই প্রমার্জন করা যাইবে না।

(৩) কোনো কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করিলে প্রমার্জনের সুবিধা প্রাপ্য হইবে না।

১৫। অবসরজনিত পেনশন ও আনুতোষিক।—অবসরজনিত পেনশন ও আনুতোষিকের ক্ষেত্রে সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এবং অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১. ১৩.০০৬.১৫-৮১ নং প্রজ্ঞাপনে বর্ণিত বিধিবিধান প্রযোজ্য হইবে।

১৬। **পারিবারিক পেনশন ও আনুতোষিক।**—পারিবারিক পেনশন ও আনুতোষিকের হারের ক্ষেত্রে সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ এবং অর্থ ও রাজস্ব বিভাগের ১৬ এপ্রিল, ১৯৫৯ খ্রিষ্টাব্দ তারিখের ২৫৬৬(৪০)-এফ নং স্মারক ও অর্থ বিভাগের ২৮ মে, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের ৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১২ (অংশ-১)-৫৭ স্মারকে বর্ণিত বিধিবিধান প্রযোজ্য হইবে।

১৭। **প্রতিবন্ধী সন্তান।**—(১) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তান যদি দৈহিক বা মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমহীন হইয়া উপার্জনে অক্ষম হন, তাহা হইলে তিনি নিম্নবর্ণিত শর্তে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন, যথা:—

- (ক) কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের প্রতিবন্ধী হিসাবে সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধন এবং পরিচয়পত্র থাকিতে হইবে;
- (খ) কোনো কর্মচারীর প্রতিবন্ধী সন্তান থাকিলে তিনি চাকরিরত অবস্থায় কিংবা পেনশন ভোগরত অবস্থায় উক্ত প্রতিবন্ধী সন্তানের বিষয়ে উপযুক্ত দলিল-দস্তাবেজসহ উপযুক্ত কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবেন;
- (গ) কর্মচারীর প্রতিবন্ধী সন্তান দৈহিক বা মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীন ও উপার্জনে অক্ষম মর্মে উপ-প্রবিধান (২) এ কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করিতে হইবে;
- (ঘ) পেনশনারের প্রতিবন্ধী সন্তান বা সন্তানগণ প্রতিবন্ধী কোটায় সরকারি, কর্পোরেশন, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরি করিলে পিতা বা মাতার উত্তরাধিকারী হিসাবে তিনি বা তাহারা আজীবন পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন না;
- (ঙ) কর্মচারীর মৃত্যুর পর তাহার প্রতিবন্ধী সন্তান আজীবন পারিবারিক পেনশন ভোগের অধিকারী হইলে উক্ত সন্তান নিজে বা তাহার পক্ষে তাহার পরিবারের কোনো সদস্য বা আত্মীয়কে কর্তৃপক্ষ বরাবর প্রতিবন্ধীতার নিবন্ধন ও পরিচয়পত্র, উত্তরাধিকার সনদপত্র, তাহার পিতা বা মাতার পেনশন মঞ্জুরির আদেশ এবং পিপিও (Pension Payment Order) সহ আবেদন করিতে হইবে;
- (চ) কর্মচারীর পারিবারিক পেনশন ভোগের যোগ্য সদস্যের মৃত্যুর পর একবার পারিবারিক পেনশন বন্ধ হইলে পরবর্তীতে কেবল প্রতিবন্ধীতার দাবিতে উক্ত পারিবারিক পেনশন পুনরায় চালু করা যাইবে না; এবং
- (ছ) কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের পেনশন প্রাপ্যতার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(২) কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের দৈহিক বা মানসিক অসামর্থ্যের কারণে স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমহীনতা ও উপার্জনে অক্ষমতা নির্ণয়ে নিম্নরূপ স্থায়ী মেডিকেল বোর্ড থাকিবে, যথা:—

- (ক) অধ্যক্ষ বা পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, যিনি ইহার সভাপতি হইবেন;
- (খ) অধ্যক্ষ বা পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল এর একজন প্রতিনিধি সদস্য; এবং
- (গ) কল্যাণ কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন গঠিত মেডিকেল বোর্ডের কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

- (ক) প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে কর্তৃপক্ষের কর্মচারীর প্রতিবন্ধী সন্তানের স্থায়ীভাবে আংশিক বা সম্পূর্ণ কর্মক্ষমতাহীনতা ও উপার্জনে অক্ষমতার বিষয়টি পরীক্ষাপূর্বক প্রত্যয়ন পত্র প্রদান;
- (খ) আবেদনপত্রসহ আনুষঙ্গিক কাগজপত্র সদস্য-সচিব কর্তৃক মেডিকেল বোর্ডে উপস্থাপন এবং উক্ত কাগজপত্র সংশ্লিষ্ট সদস্য-সচিবের দপ্তরে সংরক্ষণ; এবং
- (গ) সদস্য-সচিব কর্তৃক মেডিকেল বোর্ডের সভাপতির সহিত পরামর্শক্রমে মেডিকেল পরীক্ষার সময়সূচি নির্ধারণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর প্রতিবন্ধী সন্তানকে বোর্ডে উপস্থিত হইবার জন্য অবহিতকরণ।

১৮। **পেনশন বা পারিবারিক পেনশন পুনঃমঞ্জুরি সংক্রান্ত।**—পেনশনারের মৃত্যুর পর তাহার বিধবা স্ত্রী বা বিপন্নীক স্বামীর পেনশন প্রাপ্তির ক্ষেত্রে পুনরায় পেনশন মঞ্জুরির প্রয়োজন হইবে না, তবে পেনশনারের বিধবা স্ত্রী বা বিপন্নীক স্বামীর মৃত্যুর পর তাহার উত্তরাধিকারীগণের পারিবারিক পেনশন প্রদানের ক্ষেত্রে পুনরায় মঞ্জুরির প্রয়োজন হইবে।

১৯। **জরুরিভিত্তিক পেনশন প্রদান।**—বাধ্যতামূলক অবসর, অক্ষমতাজনিত অবসর এবং মৃত্যুজনিত কারণে পেনশনের ক্ষেত্রে আবেদনপত্র প্রাপ্তির ১ (এক) মাসের মধ্যে অর্থ ও হিসাব বিভাগ সকল আনুষ্ঠানিকতা সমাপনান্তে, যথাক্রমে, পেনশন মঞ্জুরি ও পিপিও (Pension Payment Order) জারি করিবেন:

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে উপরি-বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হয় নাই সেইক্ষেত্রে সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ অনুযায়ী সাময়িক পেনশন প্রদান করিতে হইবে।

২০। **বার্ষিক গোপনীয় প্রতিবেদন।**—পেনশন মঞ্জুরির ক্ষেত্রে কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন বিবেচনার প্রয়োজন হইবে না।

২১। **উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত তথ্যাদি গ্রহণ।**— উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত জন্ম তারিখ, নমিনী বা মনোনীত উত্তরাধিকারী, প্রতিস্বাক্ষর, তফসিল-৫ অনুযায়ী (নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ, ইত্যাদি) অর্থ ও হিসাব বিভাগে পুনরায় যাচাই ব্যতিরেকে গৃহীত হইবে, তবে এফিডেভিট দ্বারা জন্ম তারিখ পরিবর্তন করিলে উহা গ্রহণযোগ্য হইবে না।

২২। **বিভিন্ন প্রকার দেনা-পাওনা নিষ্পত্তি।**—(১) অবসর-উত্তর ছুটির আদেশ জারির ১ (এক) মাসের মধ্যে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ বা অর্থ ও হিসাব বিভাগ সকল দেনা-পাওনার হিসাব প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট কর্মচারী সর্বশেষ ৩ (তিন) বৎসর যেই সকল দপ্তরে কাজ করিয়াছেন অনাপত্তির জন্য সেই সকল দপ্তরে পত্র প্রেরণ করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট দপ্তর পত্র প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে অনাপত্তিপত্র প্রদান করিবে অথবা পাওনা বা আপত্তি থাকিলে উহা বিস্তারিত অবহিত করিবে।

(৩) সংশ্লিষ্ট দপ্তর পাওনাদি থাকিলে উহা পরিশোধের পর ২১ (একুশ) দিনের মধ্যে অনাপত্তিপত্র প্রদান করিবে।

(৪) সংশ্লিষ্ট দপ্তর ২১ (একুশ) দিনের মধ্যে অনাপত্তিপত্র অথবা মতামত প্রদান না করিলে পাওনাদি যথাযথভাবে পরিশোধিত হইয়াছে গণ্য করিয়া পেনশন মঞ্জুর করিতে হইবে এবং পাওনার বিষয় যথাসময়ে অবগত করা না হইলে সংশ্লিষ্ট দপ্তরের এই বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিই দায়ী থাকিবেন।

(৫) সংশ্লিষ্ট দপ্তরের অনাপত্তি ২১ (একুশ) দিনের মধ্যেও পাওয়া না গেলে উহার উল্লেখসহ পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে পেনশন মঞ্জুরিপত্র অর্থ ও হিসাব শাখায় পাঠাইতে হইবে।

(৬) তফসিল-৯ অনুযায়ী চাকরি বৃত্তান্তে বা ই-চাকরি বৃত্তান্তে কর্তৃপক্ষের আদায়যোগ্য পাওনার বিষয় বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে এবং আদায়যোগ্য পাওনা আদায় নিশ্চিত করিতে হইবে।

২৩। **পিপিও (Pension Payment Order) ও ডি-হাফ (Disburser's half)।**—(১) পেনশনের জন্য পিপিও এবং ডি-হাফ এর জন্য পেনশনারের উত্তরাধিকারীর নাম, পেনশনারের সহিত তাহার সম্পর্ক, বৈবাহিক অবস্থা, বয়স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি তফসিল-৬ উল্লেখ থাকিতে হইবে।

(২) কর্মচারী সর্বশেষ কর্তৃপক্ষের যেই বিভাগ হইতে অবসর গ্রহণ করিয়াছেন সেই বিভাগের নাম পিপিও এবং ডি-হাফ এ সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) কর্মচারী বা অবসরপ্রাপ্ত কর্মচারী জীবিত থাকা অবস্থায় তফসিল ৬ অনুযায়ী তথ্যাদি সরবরাহ না করিলে পারিবারিক পেনশনের ক্ষেত্রে আবেদনকারীকে তফসিল-৮ অনুযায়ী তথ্যাদি দাখিল করিতে হইবে এবং তফসিল-৮ অনুযায়ী তথ্যাদি পিপিও এবং ডি-হাফ এর সহিত সংযুক্ত করিতে হইবে।

(৪) অর্থ ও হিসাব বিভাগ পিপিও (Pension Payment Order) এবং ডি-হাফ (Disburser's half) যথাযথ ভাবে পূরণ করা নিশ্চিত করিবে এবং উন্নতমানের কাগজে পেনশন বইটি ভালোভাবে বঁধাইবার ব্যবস্থা গ্রহণ করিবে।

২৪। **পেনশন ফরম**—এই প্রবিধানমালা জারির তারিখ হইতে—

- (ক) পেনশনের জন্য তফসিল-১ এ উল্লিখিত পেনশন ফরম এবং পারিবারিক পেনশনের জন্য তফসিল-২ এ উল্লিখিত পারিবারিক পেনশন ফরম ব্যবহৃত হইবে;
- (খ) ফরমে উল্লিখিত তথ্য ব্যতিরেকে আর কোনো তথ্য অবসরগ্রহণকারী বা উত্তরাধিকারীর নিকট চাওয়া যাইবে না;
- (গ) ফরমসমূহ ভিন্ন ভিন্ন রঙের হইবে; এবং
- (ঘ) পারিবারিক পেনশনের জন্য উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণের নমুনা স্বাক্ষর ও ছবি ফরমে সংযোজনের নিমিত্ত স্থান বা ঘর নির্দিষ্ট করিতে হইবে।

২৫। **অনুত্তোলিত পেনশন এবং বকেয়া পেনশন প্রদানের পদ্ধতি**—(১) পেনশনার কোনো কারণে ১ (এক) বৎসর বা তদূর্ধ্ব সময় পেনশনের অর্থ উত্তোলন করিতে না পারিলে এবং পরবর্তীতে তাহা উত্তোলন করিতে চাহিলে পেনশন অনুত্তোলিত বা বকেয়া থাকিবার কারণ সংবলিত আবেদন অর্থ ও হিসাব বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তা প্রাপ্ত পিপিও এবং ডি-হাফ-এর ভিত্তিতে অনুত্তোলিত বকেয়া পেনশন পরিশোধ করিতে পারিবেন এবং এক্ষেত্রে পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের পুনঃঅনুমোদন বা মঞ্জুরি গ্রহণের প্রয়োজন হইবে না।

(৩) যেসকল পেনশনার ব্যাংক হইতে পেনশন উত্তোলন করিবেন তাহাদের ক্ষেত্রে আয়ন ও ব্যয়ন কর্মকর্তা আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে তাহার সিদ্ধান্ত সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করিবেন এবং উক্ত সময়ের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ না করিলে আবেদনকারীর আবেদন অনুযায়ী যুক্তিসংগত দাবি পরিশোধ করিতে হইবে।

(৪) নির্ধারিত সময়ের মধ্যে সিদ্ধান্ত না দেওয়ার কারণে কর্তৃপক্ষের কোনো আর্থিক ক্ষতি হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী দায়ী হইবেন।

(৫) পেনশনার বা পারিবারিক পেনশনার মৃত্যুবরণ করিলে বা নিয়মিত পেনশন উত্তোলন না করিলে সংশ্লিষ্ট ব্যাংক বিষয়টি কর্তৃপক্ষের আয়ন ও ব্যয়ন কর্মকর্তাগণকে অবহিত করিবে।

২৬। **কর্মচারীর নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলি।**—(১) আনুতোষিক ও অবসরভাতার জন্য উপ-প্রবিধান (২) এ বর্ণিত দলিলাদিসহ উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে এবং উক্ত দলিলাদির ভিত্তিতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত পেনশন মঞ্জুরির আদেশ জারি করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন জারীকৃত পেনশন মঞ্জুরির আদেশের সহিত নিম্নবর্ণিত দলিলাদি কর্তৃপক্ষের অর্থ ও হিসাব বিভাগে দাখিল করিতে হইবে, যথা:-

- (ক) তফসিল-১ এ উল্লিখিত পেনশন আবেদন ফরম ১ (এক) টি কপি;
- (খ) কর্মচারীগণের ক্ষেত্রে সার্ভিস বুক বা কর্মকর্তাদের ক্ষেত্রে সর্বশেষ ৩ (তিন) বৎসরের চাকরির বিবরণী বা ইএলপিসি ১ (এক) টি কপি;
- (গ) অবসর ও পিআরএল এ গমনের মঞ্জুরিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, ১ (এক) টি কপি;
- (ঘ) তফসিল-৫ অনুযায়ী প্রত্যাশিত শেষ বেতনপত্র বা শেষ বেতনপত্র, প্রযোজ্য ক্ষেত্রে, ১ (এক) টি কপি;
- (ঙ) সত্যায়িত ছবি ১ (এক) টি কপি;
- (চ) জাতীয় পরিচয়পত্রের ১ (এক) টি কপি;
- (ছ) চাকরি স্থায়ীকরণের বা নিয়মিতকরণের আদেশ (উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব খাতে স্থানান্তরিত, আত্মীকরণের মাধ্যমে যোগদানকৃত, এডহক ভিত্তিতে নিয়োগকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য) ১ (এক) টি কপি;
- (জ) তফসিল-৬ অনুযায়ী পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র ৩ (তিন) টি কপি;
- (ঝ) তফসিল-৫ অনুযায়ী নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ ৩ (তিন) টি কপি;
- (ঞ) তফসিল-৭ অনুযায়ী না দাবী প্রত্যয়নপত্র ৩ (তিন) টি কপি।

(৩) অর্থ ও হিসাব বিভাগ উপ-প্রবিধান (২) এ উল্লিখিত দলিলাদির অতিরিক্ত কোনো ফরম, সনদ বা কাগজাদি চাহিতে পারিবে না।

২৭। **পারিবারিক পেনশনের ক্ষেত্রে প্রযোজ্য বিধানাবলি।**—(১) পেনশন মঞ্জুরির পূর্বেই কোনো কর্মচারীর মৃত্যু হইলে উক্ত কর্মচারীর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার জন্য নিম্নবর্ণিত দলিলাদি উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে, যথা:—

- (ক) তফসিল-২ এ উল্লিখিত পারিবারিক পেনশন আবেদন ফরমের ২ (দুই) টি কপি;
- (খ) কর্মচারীগণের ক্ষেত্রে সার্ভিস বুক বা কর্মকর্তাগণের ক্ষেত্রে সর্বশেষ ৩ (তিন) বৎসরের চাকরির বিবরণী বা ইএলপিসির একটি কপি;
- (গ) অবসর ও পিআরএলে গমনের মঞ্জুরিপত্রের, প্রযোজ্য ক্ষেত্রে, ২ (দুই) টি কপি;
- (ঘ) তফসিল-৩ অনুযায়ী প্রত্যাশিত শেষ বেতনপত্রের, প্রযোজ্য ক্ষেত্রে, ২ (দুই) টি কপি;
- (ঙ) প্রত্যেক উত্তরাধিকারীর সত্যায়িত ছবির ২ (দুই) টি করিয়া কপি;
- (চ) উত্তরাধিকারীর বয়স ১৮ (আঠারো) বৎসরের উর্ধ্বে হইলে জাতীয় পরিচয় পত্রের ২ (দুই) টি কপি অথবা ১৮ (আঠারো) বৎসরের নিম্নে হইলে জন্মনিবন্ধন সার্টিফিকেটের ২ (দুই) টি কপি;
- (ছ) তফসিল-৪ অনুযায়ী উত্তরাধিকার সনদপত্র ও ননম্যারিজ সার্টিফিকেটের ২ (দুই) টি কপি;
- (জ) তফসিল-৫ অনুযায়ী নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপের ২ (দুই) টি কপি;
- (ঝ) তফসিল-৮ অনুযায়ী অবসরভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ এবং অভিভাবক মনোনয়নের প্রত্যয়নপত্রের ২ (দুই) টি কপি;
- (ঞ) চিকিৎসক, সিটি কর্পোরেশনের কাউন্সিলর, পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদপত্রের ২ (দুই) টি কপি;
- (ট) তফসিল-৭ অনুযায়ী না-দাবি প্রত্যয়নপত্রের ২ (দুই) টি কপি;
- (ঠ) চাকরি স্থায়ীকরণের বা নিয়মিতকরণের আদেশ (উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব খাতে স্থানান্তরিত, আত্মীকরণের মাধ্যমে যোগদানকৃত, এডহক ভিত্তিতে নিয়োগকৃতদের ক্ষেত্রে প্রযোজ্য) এর ২ (দুই) টি কপি; এবং
- (ড) প্রতিবন্ধী সন্তানের, যদি থাকে, নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্রের ২ (দুই) টি কপি।

(২) অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যু হইলে উক্ত কর্মচারীর অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার জন্য নিম্নবর্ণিত দলিলাদি উপযুক্ত কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে, যথা:—

- (ক) তফসিল-২ এ উল্লিখিত পারিবারিক পেনশন আবেদন ফরমের ২ (দুই) টি কপি;
- (খ) স্বামী বা স্ত্রী ও সন্তানগণের সত্যায়িত ছবির ২ (দুই) টি করিয়া কপি;
- (গ) তফসিল-৪ অনুযায়ী উত্তরাধিকার সনদপত্র ও নন ম্যারিজ সার্টিফিকেটের ২ (দুই) টি কপি;
- (ঘ) তফসিল-৫ অনুযায়ী নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপের ২ (দুই) টি কপি;
- (ঙ) তফসিল-৮ অনুযায়ী অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার ক্ষমতা অর্পণ সনদ এবং অভিভাবক মনোনয়নের প্রত্যয়নপত্রের ২ (দুই) টি কপি;
- (চ) চিকিৎসক, সিটি কর্পোরেশনের কাউন্সিলর, পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মৃত্যুসনদপত্রের ২ (দুই) টি কপি;
- (ছ) তফসিল-২ অনুযায়ী অবসর ভাতা মঞ্জুরিপত্রের ২ (দুই) টি কপি;
- (জ) তফসিল-১০ অনুযায়ী পিপিও; এবং
- (ঝ) প্রতিবন্ধী সন্তানের, যদি থাকে, নিবন্ধন, পরিচয়পত্র ও মেডিকেল বোর্ডের সনদপত্রের ২ (দুই) টি কপি।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এ বর্ণিত দলিলাদির অতিরিক্ত কোনো ফরম, সনদ বা কাগজাদি চাহিতে পারিবে না।

(৪) প্রতিবন্ধী সন্তানের অনুকূলে আজীবন পারিবারিক পেনশন মঞ্জুরির ক্ষেত্রে প্রবিধান ১৭ এর অধীন ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) পেনশন সংক্রান্ত সকল তথ্য বা দলিলাদি কর্তৃপক্ষ কর্তৃক ইলেকট্রনিক প্রক্রিয়ায় সংরক্ষণ করিতে হইবে এবং স্বয়ংক্রিয় ব্যবস্থায় পেনশন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অটোমেশন করিতে হইবে।

(৬) কোনো দলিলাদি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিসে অথবা অন্য কোনো অফিসে থাকিলে তাহা দ্বিতীয়বার পেনশনারের বা উত্তরাধিকারীগণের নিকট চাওয়া যাইবে না।

২৮। **অডিট আপত্তি নিষ্পত্তি।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ অবসরগামী কর্মচারীগণের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ, যদি থাকে, পর্যালোচনা করিয়া নির্দিষ্ট সময়সীমার মধ্যে অডিট অধিদপ্তরে, প্রযোজ্য ক্ষেত্রে, জবাব প্রেরণ করিবে।

(২) সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সহিত প্রয়োজনে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৩) অবসরগমনকারী কর্মচারীর বিরুদ্ধে উত্থাপিত অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করিতে হইবে এবং উক্ত বিষয়ে কল্যাণ কর্মকর্তা ফোকাল পয়েন্ট হিসেবে বিবেচিত হইবেন।

(৪) অবসরগমনকারী কর্মচারীর বিরুদ্ধে অডিট আপত্তি থাকিলে বা উত্থাপিত হইলে উপযুক্ত কর্তৃপক্ষ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের বার্ষিক অডিট রিপোর্টভুক্ত অডিট আপত্তি ব্যতীত অন্যান্য অডিট আপত্তিতে তাহার ব্যক্তিগত দায় রহিয়াছে কিনা উহা অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্ধারণ করিবেন।

(৫) অবসরগমনকারী কর্মচারীর অডিট আপত্তিতে ব্যক্তিগত দায় না থাকিলে যথারীতি পেনশন মঞ্জুর করিতে হইবে এবং ব্যক্তিগত দায় থাকিলে উহা পেনশনারের নিকট হইতে আদায়পূর্বক অথবা তাহার প্রাপ্য আনুতোষিক হইতে পরবর্তীতে সমন্বয় সাপেক্ষে, কর্তনপূর্বক পেনশন কেইস নিষ্পত্তি করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, অডিট আপত্তিতে সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যদি কোনো ব্যক্তিকে দায়ী করা না হয় অথবা আর্থিক সংশ্লেষ না থাকে, তবে উক্ত অডিট আপত্তির জন্য কোনো কর্মচারীর পেনশন মঞ্জুরিতে বিলম্ব করা যাইবে না।

(৬) উপ-প্রবিধান (১) ও (২) এ উল্লিখিত উপযুক্ত কর্তৃপক্ষ বলিতে অগ্রিম অনুচ্ছেদের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগের সচিব এবং সাধারণ অনুচ্ছেদের ক্ষেত্রে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যানকে বুঝাইবে, তবে অনিষ্পন্ন অডিট আপত্তির জবাব এবং অডিট আপত্তিতে ব্যক্তিগত দায় নির্ধারণ সংক্রান্ত কার্যাবলি উপযুক্ত কর্তৃপক্ষের সদস্য (অর্থ) কর্তৃক সম্পাদিত হইবে।

(৭) অবসরগ্রহণকারী কর্মচারীর এক বা একাধিক কর্মস্থলের কোনো সময়ের অডিট অসম্পন্ন থাকার কারণে তাহার পেনশন মঞ্জুরিতে বিলম্ব করা যাইবে না এবং উক্ত বিষয়ে অর্থ বিভাগের ৬ জানুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৪-০১ নং পরিপত্র অনুসরণীয় হইবে।

(৮) কর্মচারীর অবসরগ্রহণের পর যদি পেনশনারের বিরুদ্ধে অডিট আপত্তি উত্থাপিত হয় এবং অডিট আপত্তিতে উক্ত কর্মকর্তা বা কর্মচারীর ব্যক্তিগত আর্থিক সংশ্লেষ প্রমাণিত হয় তাহা হইলে উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে পেনশনার বা পারিবারিক পেনশনারের নিকট থেকে অডিট আপত্তিতে উল্লিখিত অর্থ আদায় করা যাইবে।

২৯। **পেনশন মঞ্জুরির ক্ষমতা।**—জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর বেতন স্কেল এর—

(ক) বেতন গ্রেড ১ হইতে ৯ পর্যন্ত, চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মঞ্জুরি প্রদান করিবেন;

(খ) বেতন গ্রেড ১০ হইতে ২০ পর্যন্ত সদস্য (অর্থ) মঞ্জুরি প্রদান করিবেন।

৩০। **বিভাগীয় বিচারিক কার্যক্রম চালু থাকিলে অবসরকালীন সুবিধাদি।**—(১) অবসরে গমনকারী কর্মচারীর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা থাকিলে উহা কল্যাণ কর্মকর্তাকে সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষের সহিত যোগাযোগক্রমে অবসরগমনের ১ (এক) বৎসরের মধ্যে তাহা নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিতে হইবে এবং কল্যাণ কর্মকর্তা বিভাগীয় মামলা যথাসময়ে নিষ্পত্তির বিষয়টি নিয়মিত মনিটরিং করিবেন।

(২) বিভাগীয় মামলা যখনই দায়ের হউক না কেন উহা সংশ্লিষ্ট কর্মচারীর চূড়ান্ত অবসর গ্রহণের ১ (এক) বৎসর সময়ের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(৩) কোনো কর্মচারী চাকরি হইতে অপসারণ বা বরখাস্ত হইলে তিনি কোনো অবসর সুবিধা প্রাপ্য হইবেন না, তবে কর্তৃপক্ষ বিশেষ বিবেচনায় অনুকম্পা হিসাবে তাহাকে অবসর সুবিধা প্রদান করিতে পারিবে।

(৪) কোনো কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারি মামলা বিচারাধীন থাকা সত্ত্বেও ঐ মামলায় সরকারের বা কর্তৃপক্ষের কোনো আর্থিক সংশ্লেষ না থাকিলে সেইক্ষেত্রে তিনি অবসর সুবিধাদি প্রাপ্ত হইবেন।

৩১। **সাধারণ ভবিষ্য তহবিল।**—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষের কর্মচারী সাধারণ ভবিষ্য তহবিল নামে একটি তহবিল থাকিবে।

(২) এই প্রবিধানমালার প্রবিধান ৩ এ উল্লিখিত চাঁদা এবং প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (৫) এর দফা (ঘ) এর অধীন জমাকৃত অর্থ এবং এই সকল অর্থের উপর মুনাফার সমন্বয়ে সাধারণ ভবিষ্য তহবিল গঠিত হইবে।

(৩) এই প্রবিধানমালা কার্যকর হইবার পর কর্তৃপক্ষের চাকরিতে যোগদানকারী কর্মচারীগণ এবং প্রবিধান ১১ এর উপ-প্রবিধান (২) এর বিধান অনুসারে অবসরভাতা, অবসরজনিত সুবিধাদি ও সাধারণ ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্তির ইচ্ছা প্রকাশকারী কর্মচারীগণ বাধ্যতামূলকভাবে সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, অবসরভাতা প্রাপ্তির জন্য গণনাযোগ্য চাকরি ২ (দুই) বৎসর পূর্ণ না হইলে সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বাধ্যতামূলক হইবে না এবং উক্ত ২ (দুই) দুই বৎসর পূর্তির পূর্বে কোনো কর্মচারী, ইচ্ছা করিলে, সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিতে পারিবেন।

(৪) কর্তৃপক্ষ কর্মচারীদেরকে সরকার কর্তৃক নির্ধারিত হারে সাধারণ ভবিষ্য তহবিলে মুনাফা প্রদান করিবে।

(৫) সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদার হার, চাঁদা আদায়, মনোনয়ন, প্রদত্ত চাঁদা হইতে অগ্রিম গ্রহণ, বীমার প্রিমিয়াম পরিশোধসহ সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত আনুষঙ্গিক সকল বিষয়ে সরকারি কর্মচারীগণের জন্য প্রযোজ্য General Provident Fund Rules, 1979 সহ এতদসংক্রান্ত সকল বিধিবিধান এবং নিয়মাবলি প্রযোজ্য হইবে।

(৬) উপ-প্রবিধান (৫) এর বিধান অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ সাধারণ ভবিষ্য তহবিল সংক্রান্ত প্রয়োজনীয় সকল ফরম প্রস্তুত করিতে পারিবে।

৩২। **কর্তব্যে অবহেলার কারণে বিভাগীয় ব্যবস্থা।**—পেনশন মঞ্জুরির সহিত জড়িত কোনো কর্মচারী যদি যুক্তিসংগত কারণ ব্যতীত নির্ধারিত সময়সীমা অনুযায়ী পেনশন কেইস নিষ্পত্তিতে ব্যর্থ হন বা এ প্রবিধানের বিধান প্রতিপালনে অবহেলা করেন তাহা হইলে সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে কর্তব্যে অবহেলার দায়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৩৩। **প্রবিধানমালার অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়।**—অবসরভাতা, অবসরজনিত সুবিধা ও সাধারণ ভবিষ্য তহবিল বা এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসর সুবিধাদি সংক্রান্ত কোনো বিষয়ে এই প্রবিধানমালায় পর্যাপ্ত বিধান না থাকিলে বা, সময়ে সময়ে, সরকার কর্তৃক অবসর ভাতা, অবসরজনিত সুবিধা এবং সাধারণ ভবিষ্য তহবিল বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হইলে উক্ত বিষয়ে সরকারি কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রবিধানমালা, আদেশ, নির্দেশ বা নিয়মাবলি প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, উপরি-বর্ণিত ক্ষেত্রে কোনো অসুবিধা সৃষ্টি হইলে এতদ্বিষয়ে, সরকারের অনুমোদনক্রমে, কর্তৃপক্ষের ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

৩৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ এর প্রবিধান ৫১, ৫২, ৫৩, এবং ৫৪, অতঃপর রহিতকৃত প্রবিধানসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত প্রবিধানসমূহের অধীন-

(ক) কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই প্রবিধানমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, এই প্রবিধানমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই প্রবিধানমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

তফসিল-১

[প্রবিধান ২৪ (ক), ২৬(২)(ক) দ্রষ্টব্য]

পেনশন ফরম

(কর্মচারীর নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে)

নাম :.....

দাপ্তরিক পরিচিতি নম্বর :.....

জাতীয় পরিচয়পত্র নম্বর :.....

শেষ পদবি :.....

শেষ কর্মস্থল :.....

এর পেনশন সংক্রান্ত।

নির্দেশাবলি

- ১। কর্মচারী অবসর-উত্তর ছুটিতে গমনের কমপক্ষে ১০ (দশ) মাস পূর্বে ফরমের প্রথম অংশ পূরণ করিয়া যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবেন। অবসর-উত্তর ছুটি ভোগ করিতে না চাহিলে অবসরগ্রহণ করিবার জন্য অনধিক ১২ (বারো) মাস পূর্বে দাখিল করিবেন।
- ২। অফিস প্রধান কর্তৃক ফরমের দ্বিতীয় অংশ পূরণ করিয়া না-দাবি প্রত্যয়নপত্র ও মন্তব্য বা সুপারিশসহ ফরমটি পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।
- ৩। মঞ্জুরকারী কর্তৃপক্ষ না-দাবি প্রত্যয়নপত্রসহ সকল দলিলপত্র যাচাই করিয়া ফরমের তৃতীয় অংশ পূরণ করিবেন। তিনি অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরির আদেশ প্রদান করিবেন এবং পেনশন পরিশোধ আদেশ জারির জন্য মঞ্জুরি আদেশসহ ফরমটি কর্তৃপক্ষের হিসাব ও অর্থ বিভাগে প্রেরণ করিবেন।
- ৪। অর্থ ও হিসাব বিভাগ শেষ বেতনপত্র, না দাবি প্রত্যয়নপত্র ও মঞ্জুরির আদেশসহ পরবর্তী প্রয়োজনীয় অন্যান্য সকল হিসাব চূড়ান্ত নিরীক্ষাক্রমে ফরমের চতুর্থ অংশ পূরণ করিবে এবং পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারি করিবে।
- ৫। সঠিক তথ্যের অভাবে পেনশন নিষ্পত্তি যাহাতে বিলম্বিত না হয় সেই জন্য ফরমের যে কোনো স্থানের অপ্রয়োজনীয় অংশ কালি দিয়া কর্তন করিতে হইবে এবং যথাস্থানে প্রয়োজনীয় সঠিক তথ্য লিখিতে বা সংযোজন করিতে হইবে।

প্রথম অংশ
(আবেদনকারী নিজে পূরণ ও স্বাক্ষর করিবেন)

বরাবর

.....

.....

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

পাসপোর্ট সাইজের ছবি

বিষয়: পেনশন পরিশোধের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি কর্তৃপক্ষের চাকরি হইতে...../...../.....তারিখে অবসর-উত্তর ছুটিতে গমন করিব/করিয়াছি এবং...../...../..... তারিখে চূড়ান্ত অবসর গ্রহণ করিব/ করিয়াছি। সেই কারণে বিধি মোতাবেক আমাকে প্রাপ্য অবসরভাতা ও আনুতোষিক প্রদানের জন্য অনুরোধ করিতেছি।

২। আমার অবর্তমানে নিম্নবর্ণিত আমার বৈধ উত্তরাধিকারীগণকে মনোনীত হারে এই পারিবারিক পেনশন প্রদানের জন্য আমি অনুরোধ করিতেছি:

ক্রমিক নং	নাম ও জন্ম তারিখ	জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর	সম্পর্ক	মনোনীত হার %	বৈবাহিক অবস্থা	প্রতিবন্ধিতা	ছবি (স্ট্যাম্প সাইজ)	উত্তরাধিকারীর স্বাক্ষর
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১।								
২।								
৩।								
৪।								
৫।								
৬।								
৭।								
৮।								
৯।								
১০।								

৩। নম্বর ক্রমিকে উল্লিখিত ব্যক্তি আমার প্রতিবন্ধী সন্তান। তাহার প্রতিবন্ধিতার সমর্থনে সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধন ও পরিচয়পত্র এবং কর্মক্ষমতাহীনতা ও উপার্জনে অক্ষমতা সংক্রান্ত মেডিকেল বোর্ডের সনদপত্র সংযোজন করা হইল (কেবল প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। আমি এই চাকরির কোনো অংশবিশেষের জন্য পূর্বে কোনো অবসরভাতা বা আনুতোষিক গ্রহণ করি নাই এবং ভবিষ্যতে এই আবেদনপত্র সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত উল্লেখ না করিয়া কোনো আবেদন করিব না।

৫। অঙ্গীকারনামা:

- (ক) আমার জানামতে আমার নিকট কর্তৃপক্ষের কোনো পাওনা নাই। তথাপি এই পেনশন পরিশোধের পর যে কোনো সময়ে অন্যত্র কোনো আদায়যোগ্য অর্থের বিষয় গোচরীভূত হইলে তাহা পারিবারিক অবসরভাতা বা নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব/থাকিবো।
- (খ) যদি পরবর্তীতে দেখা যায় যে, বিধি মোতাবেক যে পরিমাণ অর্থ পেনশন হিসাবে পাওয়ার অধিকারী আমাকে তদপেক্ষা বেশি পরিমাণে অবসরভাতা বা আনুতোষিক প্রদান করা হইয়াছে, তাহা হইলে গৃহীত অতিরিক্ত অর্থ অবসরভাতা, পারিবারিক অবসরভাতা বা নিজস্ব সম্পত্তি হইতে আমি ও আমার উত্তরাধিকারী ফেরৎ প্রদান করিতে বাধ্য থাকিব/থাকিবো।

৬। আনুতোষিক ও অবসর ভাতা প্রদান:

- (ক) আমি কর্তৃপক্ষের প্রধান কার্যালয়/আঞ্চলিক কার্যালয় হইতে আনুতোষিক গ্রহণ করিতে ইচ্ছুক। সুতরাং আনুতোষিকের টাকার চেক/Electronic Fund Transfer (EFT) আমার নিকট/ দফা (খ) এ উল্লিখিত আমার ব্যাংক একাউন্টে প্রেরণ করিবার জন্য অনুরোধ করিতেছি।
- (খ) ইহা ছাড়া আমার মাসিক অবসর ভাতা EFT এর মাধ্যমে.....ব্যাংকশাখায় আমার চলতি/সঞ্চয়ী ব্যাংক হিসাব নম্বর..... এ প্রেরণের জন্য অনুরোধ করিতেছি।

৭। নিম্নে আমার তিনটি নমুনা স্বাক্ষর এবং হাতের বৃদ্ধাঙ্গুলের ছাপ সত্যায়িত করিয়া দেওয়া হইল:

ক্রমিক নং	পূর্ণ স্বাক্ষর (পূর্ণ নাম)	সংক্ষিপ্ত স্বাক্ষর	বাম/ডান বৃদ্ধাঙ্গুলের ছাপ
১।			
২।			
৩।			

তারিখ:

স্বাক্ষর:

সত্যায়নকারী কর্মকর্তা

(বিভাগীয় প্রধান/শাখা প্রধান)

সিলমোহর (নামযুক্ত)

৮। আবেদনকারীর যোগাযোগের ঠিকানা:

(ক) বর্তমান :.....
.....

টেলিফোন ও মোবাইল :.....

ই-মেইল :.....

(খ) স্থায়ী :.....
.....

টেলিফোন ও মোবাইল :.....

ই-মেইল :.....

আমি ঘোষণা করিতেছি যে, উপরি-বর্ণিত সকল তথ্যাদি সঠিক এবং সত্য।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ:

নাম:

পদবি:

পরিচিতি নম্বর:

শেষ অফিস বা কর্মস্থল:

দ্বিতীয় অংশ
(দপ্তর/অফিস কর্তৃক পূরণীয়)

১। কর্মচারীর চাকরির বিবরণ:

- (ক) নাম :.....
- (খ) জাতীয় পরিচয় পত্র নম্বর:.....
- (গ) মাতার নাম :.....
- (ঘ) পিতার নাম :.....
- (ঙ) জাতীয়তা :.....
- (চ) অবসরের সময়ে পদবি:.....
- (ছ) পরিচিতি নম্বর :.....
- (জ) জন্ম তারিখ :.....
- (ঝ) ধর্ম:.....
- (ঞ) চাকরিতে যোগদানের তারিখ :.....
- (ট) চাকরি হইতে অবসর গ্রহণের তারিখ :.....
- (ঠ) অবসর-উত্তর ছুটিভোগের শেষ তারিখ :.....
- (ড) পেনশনের প্রকৃতি :.....

২। চাকরির খতিয়ান:

(ক) বিরতিসহ চাকরির মোট দৈর্ঘ্য:

সময়		মোট সময়		
যোগদানের তারিখ	চাকরির শেষ তারিখ	বৎসর	মাস	দিন

(খ) অযোগ্য চাকরি (অসাধারণ ছুটি/বিরতিকাল/অন্যান্য যদি থাকে):

ক্রমিক নং	বিবরণ	সময়		মোট সময়		
		হইতে	পর্যন্ত	বৎসর	মাস	দিন
